

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৭.১৯- ২৫৫

০৪ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ
তারিখঃ-----
২১ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

বিষয় : উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪২৬-১৪৩১ বাংলা সন মেয়াদে রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন হারুডাঙ্গা বিল (বন্ধ) জলমহাল ইজারা প্রদান।

সূত্র : ২৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৫৩(তিপ্পান্ন)তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্পে সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৫৩(তিপ্পান্ন)তম সভায় রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন 'হারুডাঙ্গা বিল (বন্ধ)' জলমহাল ইজারার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) কোন মামলায় স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা থাকলে তা প্রত্যাহার সাপেক্ষে রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন 'হারুডাঙ্গা বিল' জলমহালটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের শর্তে একমাত্র দরদাতা প্রতাবিষ্মু মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, পীরগাছা, রংপুর এর অনুকূলে প্রথম চার বছর বার্ষিক ১৯,৯৪৯/- (উনিশ হাজার নয়শত উনপঞ্চাশ) টাকা হারে এবং পরবর্তী দুই বছর বার্ষিক উক্ত অংকের ২৫% বর্ধিত হারে ১৪২৬-১৪৩১ বাংলা সন মেয়াদে ইজারা প্রদান করা হল।

(খ) ১৪১৭-১৪২৫ বাংলা সন পর্যন্ত দীর্ঘ নয় বছর সময় জলমহালটি নিয়ে দায়েরকৃত রিট মামলা নম্বর ২৪৬০/২০১১ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাসহ জেলা প্রশাসক কি কি পদক্ষেপ নিয়েছে এবং জলমহালটি ইজারাবিহীন থাকার প্রকৃত তথ্যসহ আগামী ১০ কর্ম দিবসের মধ্যে জেলা প্রশাসক ভূমি মন্ত্রণালয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনটি পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হল।

২। গৃহীত সিদ্ধান্তের আলোকে দ্রুত কার্যক্রম গ্রহণ করে আগামী ১(এক) মাসের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৩। ইজারা গ্রহীতার সাথে চুক্তিপত্র সম্পাদন কালে নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনসহ ইজারা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- জেলা প্রশাসকগণকে তাদের প্রতিবেদনে জলমহালের যে সরকারি ইজারা মূল্য উল্লেখ করেছেন তার সঠিকতা পুনঃযাচাই করে নিশ্চিত হতে হবে।
- কোন মামলায় কোনরূপ নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে সভায় গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত কার্যকর হবে না;
- ইজারামূল্য চালানোর মাধ্যমে অগ্রিম দাখিল সাপেক্ষে ইজারা গ্রহীতাকে দখল হস্তান্তর করা যাবে;
- চুক্তিপত্র সম্পাদন বা দখল হস্তান্তরের ক্ষেত্রে ইজারার বছরের কোন সময় অতিক্রান্ত হলে ঐ সময় অতিক্রান্তের কারণে ইজারামূল্য সমন্বয় বা মেয়াদ বর্ধিত করার জন্য পরবর্তীতে কোন আবেদন করবে না মর্মে জেলা প্রশাসকের সাথে ইজারা গ্রহীতার চুক্তিনামা স্বাক্ষর করতে হবে এবং পৃথকভাবে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। চুক্তিতে সুনির্দিষ্টভাবে মেয়াদ, বঙ্গাব্দ অনুযায়ী সন, মাস ও তারিখ উল্লেখ থাকবে। এ ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ প্রযোজ্য হবে;
- সর্বক্ষেত্রে অনুমোদিত ইজারা মূল্যের উপর প্রযোজ্য আয়কর ও ভ্যাট আবিশ্যকভাবে আদায় করতে হবে;
- উন্নয়ন প্রকল্পে ইজারা প্রাপ্তির আবেদনের সাথে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ করে যাচাইপূর্বক উহার সঠিকতা নিশ্চিতকরতঃ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।
- জামানতের টাকা ইজারা প্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে;
- জেলা প্রশাসকগণ জাল/Fake ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদানকারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ করবেন।
- উন্নয়ন প্রকল্পের জন্য এ সভায় অনুমোদিত এবং পূর্বে ইজারাকৃত জলমহাল সমূহের উন্নয়ন কাজ দাখিলকৃত প্রকল্প মোতাবেক হচ্ছে কি না তা জেলা প্রশাসক নিয়মিত তদারকী করবেন এবং যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ইজারাকৃত জলমহালটি জনসাধারণের ব্যবহারের ক্ষেত্রে ইজারাগ্রহীতা কর্তৃক ব্যাঘাত ঘটানো যাবে না।
- উন্নয়ন প্রকল্পে দাখিলকৃত সকল উন্নয়ন মূলক কর্মকান্ড জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি নিয়মিত মনিটর করবেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ) ৬(হয়) মাস অন্তর এ বিষয়ে প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- কোন বিষয় আরো অধিক স্পষ্টিকরণের প্রয়োজন হলে জেলা প্রশাসক বিষয়টি ভূমি মন্ত্রণালয়ের গোচরে আনবেন।

জেলা প্রশাসক
রংপুর।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯১৭৫
Email mol_sairat_1@yahoo.com

স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৭.১৯- ২৫৫

০৪ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ
তারিখঃ-----
২১ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

অনুলিপি অবগতির জন্যঃ-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব(সায়রাত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
- ৫। সভাপতি/সম্পাদক, প্রতাবিষ্মু মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, পীরগাছা, রংপুর (রেজিঃ৫৪)।
- ৬। অফিস কপি।

(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব